ঝিনাইদহে কৃষকের বাড়িতে ডাকাতি, গরু, নগদ টাকাসহ স্বর্ণালংকার লুট

ঝিনাইদহ সদর উপজেলার বিষয়খালী গ্রামে সুলতান মিয়া নামের এক কৃষকের বাড়িতে ডাকাতির ঘটনা ঘটেছে। সোমবার রাতে এ ঘটনা ঘটে। এ সময় কৃষকের ৮ টি গরু, নগদ টাকা, স্বর্ণালংকার, মোবাইল, বিদেশীয় কম্বলসহ মালামাল লুট করা হয়েছে বলে অভিযোগ করা হয়েছে।

ভুক্তভোগিরা জানায়, গেল রাত আড়াই টার দিকে ট্রাক ও পিকআপ নিয়ে একদল ডাকাত পুলিশ পরিচয়ে কৃষক সুলতান মিয়ার বাড়িতে ঢোকে। এসময় তারা বাড়ির ৭ সদস্যকে অস্ত্রের মুখে জিম্মি করে একটি কক্ষে আটকে রাখে। পরে ৬ ভরি স্বর্ণালংকার, নগদ সাড়ে ১৬ হাজার টাকা ও ৫ টি মোবাইল ফোন লুটে নেয়। প্রায় এক ঘন্টা ধরে লুটপাট চালায়। এরপর গোয়াল থেকে ৮টি গরু ট্রাকে তুলে নিয়ে পালিয়ে যায়। সকালে তারা রুমের জানালা ভেঙ্গে বাইরে এসে প্রতিবেশীদের খবর দেয়।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ^◌াস জানান, খবর পাওয়ার পর পুলিশ ঘটনাস্থল পরিদর্শর্ন করেছে। থানায় মামলা হয়েছে। পুলিশ ডাকাতদের গ্রেফতারে অভিযান শুরু করেছে।

দর্শনার কিছু অংশ লক ডাউন

চুয়াডাঙ্গার দর্শনা পৌরসভার ৫ ও ৭ নম্বর ওয়ার্ডকে রেড জোন হিসেবে চিহ্নিত করে লকডাউন ঘোষণা করা হয়েছে। মঙ্গলবার থেকে লকডাউন কার্যকর হবে।

সোমবার দুপুরে জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত কোভিড-১৯ করনীয় বিষয়ক জেলা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, দর্শনা পৌরসভার ৫ ও ৭ নম্বর ওয়ার্ডকে রেড জোন হিসেবে ঘোষণা করা হচ্ছে। এখানে যথাযথ

স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। এ নির্দেশ মঙ্গলবার থেকে কার্যকর হবে।

মেপ্র/এমএফআর

ফের বাড়ল শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি

বৈশ্বিক মহামারী করোনার কারণে শিক্ষার্থীদের সার্বিক নিরাপত্তার কথা বিবেচনা করে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানের চলমান ছুটি আগামী ৬ আগস্ট পর্যন্ত বাড়ানো হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আবুল খায়ের সোমবার যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে করোনা সংকটের কারণে শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি কয়েকদফা বাড়ানো হয়। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি বাড়িয়ে ১৫ জুন পর্যন্ত করা হয়। এখন তা বাড়িয়ে ৬ আগস্ট পর্যন্ত করা হলো।

দেশের করোনা পরিস্থিতির সর্বশেষ পরিস্থিতিতে সোমবার স্বাস্থ্য অধিদফতর জানিয়েছে, দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়ে আরও ৩৮ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে ভাইরাসটিতে মোট মারা গেছেন এক হাজার ২০৯ জন।

একই সময়ে নতুন করে আরও ৩ হাজার ৯৯ জনের মধ্যে করোনার সংক্রমণ শনাক্ত হয়েছে। এতে মোট শনাক্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৯০ হাজার ৬১৯ জনে। সূত্র-যুগান্তর

করোনা কেড়ে নিল আরও ৩৮ জনের প্রাণ, মোট মত্যৃ ১২০৯

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৩৮ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ১ হাজার ২০৯ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ৩ হাজার ৯৯ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ৯০ হাজার ৬১৯ জন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে। সূত্র- যুগান্তর

গাংনীতে শিশু কন্যাকে যৌন নির্যাতনের অভিযোগে মামলা

মেহেরপুরের গাংনীতে ২য় শ্রেনীর এক মাদ্রাসা ছাত্রীকে যৌন নির্যাতনের অভিযোগে মামলা করা হয়েছে। গতকাল রাতে নির্যাতিতা শিশু কন্যার মা চম্পা খাতুন বাদী হয়ে মামলাটি দায়ের করেন। গাংনী থানায় মামলা নং ১৪। আজ সোমবার সকালে শিশুটির ডাক্তারি পরিক্ষা সম্পন্ন করা হয়েছে বলে নিশ্চিত করেছেন মামলার তদন্তকারি এসআই সুমন।

মামলার আসামী আক্কাস আলী (৬৫)কে আটক করেছে পুলিশ।
রবিবার বিকাল ৩ টায় উপজেলার বামুন্দীর নিজ বাড়ি থেকে তাকে আটক

করে থানা হেফাজতে রাখা হয়েছিল মামলার এজাহার সুত্রে জানা গেছে, আক্কাস আলী তার প্রতিবেশি হওয়ার কারনে শিশু কন্যার বাড়িতে পরিবারের সদস্যদের যাতায়াত ছিল। ঘটনার দিন মেয়েকে বিভিন্ন প্রলোভন দেখিয়ে আক্কাস আলী তার নিজ বাড়িতে ডেকে নিয়ে যৌন নির্যাতন করে। ঘটনাটি ধামচাপা দিতে মেয়েকে হুমকিও দেয় আক্কাস আলী। পরিবারের কাউকে যৌন নির্যাতনের কারনে মেয়ের শারীরিক অবস্থা দূর্বল হয়ে পড়লে তখন তার মাকে নির্যাতনের বিষয়টি খুলে বলে । এরপর অভিযুক্তের বিচারের দাবিতে থানায় মামলা করতে আসে শিশুটির পরিবার। শিশু কন্যার মা বাদী হয়ে মামলা করায় আসামীকে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

ঝিনাইদাহ জেলার মৃত তোরাপ আলীর ছেলে আক্কাস আলী (৬৫) হার্টিকালচারের সাবেক কর্মচারী। হার্টিকালচারে চাকুরী থেকে অবসর নিয়ে নিজ জেলায় না গিয়ে বামুন্দি হাসপাতাল পাড়া এলাকায় দীর্ঘদিন যাবৎ বসবাস করে আসছেন। আক্কান আলীর পরিবার জানায়, আমরা অন্য জেলায় থেকে বামুন্দিতে বসবাস করা কালে সামাজিক ভাবে ভাল পজিশনে রয়েছি। স্থানীয় প্রতিবেশীদের সাথে আমাদের জমিজমা নিয়ে দির্ঘদিনের বিরোধ। তারই সুত্র ধরে আক্কাস আলীকে ফাঁসানো হয়েছে বলে দাবী আক্কাস আলীর ছেলেসহ পরিবারের।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান,বিষয়টি জানতে পেরে তদন্ত ওসি সাজেদুল ইসলামকে সাথে নিয়ে ঘটনা স্থলে গিছেলাম। একটি শিশু কন্যাকে নির্যাতনের অভিযোগে মামলা হয়েছে।

মুজিবনগরে মাস্ক ব্যাবহার না করায় ভ্রাম্যমাণ আদলতে জরিমানা

মুজিবনগরে মাস্ক ব্যাবহার ও স্বাস্থবিধি না মানায় ১২ জনের কাছ থেকে ৩১০০ টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।
সোমবার দুপুরে কেদারগন্জ বাজার প্রাঙ্গনে এ ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি।

এদিকে, অবৈধ যান মাটিবাহী ট্রাক্টর করে মাটি নিয়ে আসার সময় কেদারগন্জ-মুজিবনগর সড়কের রাস্তার উপর মাটি ফেলায় ভ্রাম্যমাণ আদালতের মাধ্যেমে গাড়ির ড্রাইভার গৌরীনগর গ্রামেন রেজাউল হোসেনের ছেলে সানোয়ার হেসেনের কাছ থেকে ১ হাজার টাকা জরিমানা করা হয় এবং রাস্তায় পরে থাকা সকল মাটি সরিয়ে ফেলার জন্য বলা হয়।

তথ্য গোপন করে চাকরি করছেন সিদ্দিকুর রহমান ও তাঁর স্ত্রী

মোহাম্মদ সিদ্দিকুর রহমান। মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের সহকারি শিক্ষক (ধর্ম)। তাঁর স্ত্রী আরিফা মোস্তারি সদর উপজেলার তেরঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক।
মোহাম্মদ সিদ্দিকুর রহমান এর বাড়ি বাগেরহাট জেলার সদর উপজেলার দশানি গ্রামে এবং স্ত্রী আরিফা মোস্তরীর বাড়ি খুলনার মুন্সিপুরে।
দু’জনেই জেলা কোটার তথ্য গোপন করে সরকারি চাকরি নিয়েছেন। যা সরকারি চাকরি বিধি অনুযায়ী গুরুতর অপরাধ। এমন অপরাধের ক্ষেত্রে তথ্য গোপনকারীর চাকরি চলে যাওয়ার বিধান রয়েছে। একই ভাবে মেহেরপুর জেলা থেকেও দু’জন চাকরি প্রাপ্তি থেকে বঞ্চিত হয়েছেন। খোঁজ নিয়ে জানা গেছে, ১৯৯৪ সালে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে সহকারি শিক্ষক (ধর্ম) হিসেবে যোগদান করেন মোহাম্মদ সিদ্দিকুর রহমান। সিদ্দিকুর রহমানের স্ত্রী আরিফা মোস্তারি সহকারি শিক্ষক (নব সৃষ্ট পদ) হিসেবে তেরঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যোগদান করেন ২০০৪ সালের ২৯ ডিসেম্বর। চাকরির উদ্দেশ্যে সিদ্দিকুর রহমান মেহেরপুর জেলার নাগরিক হয়েছেন সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদ থেকে। ইউনিয়নের রাজাপুর গ্রামের মৃত জমির উদ্দিন মাস্টারের ছেলে বন্ধু হিসেবে তার নাগরিকত্ব নেওয়ার ব্যাপারে সহযোগীতা করেন। এছাড়া মেহেরপুরের কোন এলাকায় তার কোন আত্মীয় আছে বলে জানা যায়নি।
চাকরিতে দেওয়া তথ্য থেকে জানা যায়, মোহাম্মদ সিদ্দিকুর রহমানের চাকুরির গেজেটে জন্ম তারিখ ০২-০১-১৯৭২ ইং, রোল খু/মে ৬৫৭৮(খু/মে অর্থ খুলনা-মেহেরপুর)। শিক্ষাগত যোগ্যতা দাখিল দ্বিতীয় শ্রেণী,

আলিম ১ম শ্রেণী, ফাজিল ১ম শ্রেণী, কামিল ২য় শ্রেণী।
অনুসন্ধানে জানা গেছে, মোহাম্মদ সিদ্দিকুর রহমান ১৯৯৪ সালে চাকুরীতে যোগদানের পর ২০১৫ সালে যশোর টিচার্স ট্রেনিং কলেজ থেকে বিএড করেন। নিয়ম অনুযায়ী মাদ্রাসার সমমানের সার্টিফিকেট দিয়ে বিএড করা যায় না। তাকে অবশ্যই সাধারণ শিক্ষায় বিএ পাশ করার পর বিএড করতে হতো। যদিও সাম্প্রতিক সময়ে এ নিয়ম পরিবর্তন হয়েছে। কিন্তু সিদ্দিকুর রহমান ১৯৯২ সালে ইসলাম শিক্ষায় এমএ পাশ করেন। একই সালে মাদ্রাসায় সমমানের সার্টিফিকেট অর্জন করেন। শিক্ষক হিসেবে চাকরী পেয়েছেন মাদ্রাসার সার্টিফিকেট দিয়ে। অথচ বিএড করেছে ইসলাম শিক্ষার (সাধারণ শিক্ষা) সার্টিফিকেট দিয়ে। দুই প্রতিষ্ঠানের দুই রকম সার্টিফিকেট একই সময়ে কিভাবে অর্জন করা সম্ভব হলো সেটি একটি বড় প্রশ্ন?
তবে তথ্য গোপন করে চাকরি নেওয়ার দায় স্বীকার করে মোহাম্মদ সিদ্দিকুর রহমান বলেন, ওই সময় ভুল হয়ে গেছে। সেই দায় থেকেই আর মেহেরপুর ছাড়তে পারিনি। যে কারণে মেহেরপুরে স্থায়ী ভাবে বসবাস শুরু করেছি। যাতে কিছুটা পাপ মোচন হয়।
মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফজলে রহমান বলেন, চাকুরী বিধি অনুযায়ী কেউ যদি তার তথ্য গোপন করেন, সেটি শাস্তিযোগ্য অপরাধ। আরিফা মুস্তারি যদি এমন কাজ করে তাহলে সেটা অপরাধ হবে। আমি উনার কাগজ পত্র যাচাই বাছাই করে উর্দ্ধতন কতৃপক্ষকে জানাবো। মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতু বলেন, পৌর এলাকার নাগরিক হতে হলে তার অবশ্যই জমিজমা বা নিজ নামে বাড়ি থাকতে হবে এবং বসবাস করতে হবে। এর বাইরে কেউ পৌর নাগরিক হতে পারবে না। সরকারি বিভিন্ন পদে চাকরির প্রশ্নে জেলা কোটা দেওয়া হয়। সেক্ষেত্রে বিষয়টি অধিক গুরুত্বপূর্ণ। এটা মানা না হলে জেলা কোটা থেকে অনেকেই বঞ্চিত হবে।
মেহেরপুরের পুলিশ সুপার (এসপি) এস এম মুরাদ আলী বলেন, ভেরিফিকেশনের সময় কাগজ পত্র দেখেই করা হয়। নাগরিক সনদ পত্র প্রসঙ্গে বলেন, এক জেলার মানুষ অন্য জেলাতে গিয়ে স্থায়ী বসবাস এবং জমি বা বাড়ি নিজ নামে না থাকলে পৌর সভা বা ইউনিয়ন পরিষদ থেকে নাগরিক সনদ পাওয়ার কথা না। যদি কেউ তথ্য গোপন করে চাকরি পেয়ে থাকেন তাহলে সেটা প্রমান হলে শাস্তিযোগ্য অপরাধ। মেহেরপুরের জেলা প্রশাসক (ডিসি) মো: আতাউল গনি বলেন, এই ধরনের তথ্য গোপন করে চাকরি নিলে তার চাকরি থাকার কথা নয়। সংস্লিষ্ট কর্তৃপক্ষের নজরে এলে চাকরিবিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে। তথ্য গোপন একটি মারাত্মক অপরাধ, এতে তার চাকরী চলে যাওয়ার সম্ভাবনায় বেশি।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের খুলনা বিভাগীয় উপ-পরিচালক নিভা রানী পাঠক মেহেরপুর প্রতিদিনকে বলেন, যে কোন সময়ে নিয়োগ প্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা কর্তৃক সরবরাহকৃত যে কোন তথ্য/সনদ পত্র মিথ্যা/ভুয়া/ক্রুটিপূর্ণ প্রমাণিত হলে তাহার বা তাহাদের সংশ্লিষ্ট নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। এটা চাকরির অন্যতম শর্ত।

দুই জেলার প্রশাসনের হস্তক্ষেপে নদ হল দখলমুক্ত

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা ও কুষ্টিয়ার মিরপুর উপজেলার সংযোগস্থল কুমার নদ সরকারিভাবে খনন কাজ শেষ হওয়ার পরপরই মৎস চাষের জন্য দখলে নেওয়া নদ দখলমুক্ত করেছে দুই জেলার প্রশাসন। মিরপুরের মালিহাদ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল হামিদ প্রশাসনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে নদের বিপুল এরিয়ায় বাঁধ দিয়ে নিজের দখলে নেয়।
গতকাল রবিবার দুপুরে দুই জেলার প্রশাসন নদের পাড়ে উপস্থিত থেকে বেদখল হওয়া নদ দখলমুক্ত করে। এ সময় নদের দুই পাড়ের দুই উপজেলার প্রশাসনিক কর্মকর্তা ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
জানা গেছে, আলমডাঙ্গা ও মিরপুর উপজেলাকে ভেদ করে বহমান রয়েছে প্রাচীন কুমার নদ। সুদীর্ঘকাল ধরে পলি পড়ে পড়ে নদটির গভীরতা কমতে থাকে। এ প্রেক্ষিতে নদের খননকাজের প্রকল্প হাতে নেয় সরকার। খননকাজে সরকার বরাদ্দ দেয় ৩৫ কোটি টাকা। সম্প্রতি নদটির খননকাজ শেষ হয়েছে।
জানা গেছে, নদের ঠিকাদারি প্রতিষ্ঠান খননকাজের বরাদ্দের টাকা তোলার আগেই মিরপুরের মালিহাদ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল হামিদ নদের বিপুল এরিয়া নিজের দখলে নিয়ে নেন। তিনি মাছের চাষ করবেন বলে নদের প্রায় এক কিলোমিটার এরিয়ায় তিন তিনটি বাঁধ দিয়ে মাছ চাষের পরিকল্পনা হাতে নেন। তার নিজের ওই অবৈধ প্রকল্প বাস্তবায়ন করতে প্রকাশ্যে লেবার দিয়ে নদের প্রবাহে বাঁধ দেয়ার কাজ শুরু করেন। এক প্রকার জোর করেই তিনি তিনটি বাঁধ দেন।

আওয়ামী লীগ নেতা আব্দুল হামিদের এই অপকর্মে নদের দুই পাড়ের সাধারণ মানুষ প্রতিবাদী হয়ে ওঠেন। সাধারণ মানুষের এই ক্ষুব্ধ প্রতিক্রিয়া ঠেকাতে নদের পাড়ে বোমার বিস্ফোরন ও আগ্নেয়াস্ত্র প্রদর্শনের ঘটনাও ঘটে বলে জানায় এলাকাবাসী। এতে আইনশৃংখলার মারাত্মক অবনতি হওয়ার আশংকা দেখা দেয়। আর তখনই নড়েচড়ে বসে দুই উপজেলার প্রশাসন। প্রশাসন সিদ্ধান্ত নেয় বাঁধ উচ্ছেদের।
গতকাল রবিবার দুপুরে দুই জেলার পদস্থ কর্মকর্তারা নদের পাড়ে উপস্থিত হয়ে বাঁধ তিনটি উচ্ছেদ করেন। এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার এডিসি (রাজস্ব) ইয়াহিয়া খান, কুষ্টিয়ার এডিসি ওবাইদুর রহমান, কুষ্টিয়া জেলা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী সুবির কুমার ভট্টচার্য, চুয়াডাঙ্গা জেলা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাহিদুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলার নির্বাহী অফিসার লিটন আলী, মিরপুর উপজেলার নির্বাহী অফিসার লিংকন বিশ্বাস, মিরপুরের সহকারী কমিশনার (ভূমি) রাকিব হাসান, আলমডাঙ্গার সহকারী কমিশনার (ভূমি) হুমায়ুন কবীর, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর, মিরপুর থানার অফিসার ইনচার্জ আবুল কালাম, হারদী ইউপির চেয়ারম্যান নুরুল ইসলাম, মালিহাদ ইউপির চেয়ারম্যান আলমগীর হোসেন, হারদী ইউপি আওয়ামী লীগের সভাপতি আশিকুর রহমান ওল্টু, সাধারণ সম্পাদক আইনাল হক প্রমুখ।

কুষ্টিয়ার দৌলতপুরে প্রশাসনকে তোয়াক্কা না করে পদ্মা নদী থেকে অবৈধভাবে বালি উত্তোলন

কুষ্টিয়ার দৌলতপুরে প্রশাসনকে তোয়াক্কা না করে পদ্মা নদী থেকে অবৈধভাবে বালি উত্তোলনের মহা উৎসব চলছে। স্থানীয় একটি প্রভাবশালী মহল প্রতিদিন অবৈধভাবে বালি উত্তোলনের কাজ চালিয়ে যাচ্ছে।
উপজেলার মরিচা ইউনিয়নের বৈরাগীরচরের নীচে পদ্মা নদী থেকে প্রতিদিন শত শত ট্রলি বালি উত্তোলন করা হচ্ছে। এর ফলে আসন্ন বন্যা মৌসুমে হুমকির মুখে পড়তে যাচ্ছে রায়টা-মহিষকুন্ডি বন্যা

নিয়ন্ত্রণ বাঁধ। সেই সাথে ধ্বস নামার সম্ভাবনা রয়েছে ফিলিপনগর-ইসলামপুর ব্লক দিয়ে নির্মিত স্থায়ী বাঁধে।
এলাকাবাসী জানায়, বৈরাগীরচর এলাকার হাম্বার খা, নাসির উদ্দিন মেম্বর, শাহীন আলী, মহিদুল মোল্লা ও শামীম হোসেন এবং হাটখোলাপাড়ার রাজা ও একসময়ের চরাঞ্চলের ত্রাস লালচাঁদ বাহিনীর ক্যাডার উজ্বলসহ ২০-২৫ জন স্থানীয় প্রভাবশালী ও সরকার দলীয় লোকজন বৈরাগীরচরের আবু বক্কর হাজীর বাড়ির নীচে, বৈরাগীরচর বাজার সংলগ্ন ও ভাদুশাহর মাজার সংলগ্ন পদ্মা নদী থেকে প্রতিদিন শত শত ট্রলি বালি অবৈধভাবে উত্তোলন করে থাকে।
অবৈধভাবে বালি উত্তোলনের বিষয়ে প্রশাসনকে অবহিত করা হলে দৌলতপুর উপজেলা প্রশাসন বালি উত্তোলনকারীদের নিষেধ ও সতর্ক করেন। প্রশাসনের নিষেধ ও সতর্কতা অমান্য করে ওই প্রভাবশালী মহল অবৈধভাবে বালি উত্তোলনের কাজ অব্যাহত রেখেছে।
ট্রলি প্রতি ২০০ টাকা চাঁদা নিয়ে ওই প্রভাবশালী মহল প্রতিদিন শত শত ট্রলি বালি উত্তোলন করে থাকে। এতে প্রতি মাসে কমপক্ষে অর্ধকোটি টাকা চাঁদা আদায় করে থাকে ওই প্রভাবশালী মহল।
বালি উত্তোলনের বিষয়ে কেউ মুখ খুললেই তাদের বিরুদ্ধে নেমে আসে জুলুম ও অত্যাচারের খড়গ এবং দেয়া হয় নানা ধরনের হুমকি। বালি উত্তোলনে চাঁদা আদায়কারী ওই মহল প্রশাসনকে ম্যানেজ করে তারা বালি উত্তোলন করছে বলে নাম প্রকাশে অনিচ্ছুক এলাকার কয়েকজন জানিয়েছেন। তবে দৌলতপুর উপজেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিষ্ট্রেট পদ্মা নদী থেকে অবৈধভাবে বালি উত্তোলনে নিষেধাজ্ঞা জারি করলেও থেমে নেই ওই প্রভাবশালী অবৈধভাবে বালি উত্তোলনের কাজ। করোনা পরিস্থিতির কারণে প্রশাসনের অভিযান তেমন না হওয়ার কারনে বালি উত্তোলনকারী ওই মহলটি অবাঁধে ও নির্বিঘ্নে বালি উত্তোলনের কাজটি করে যাচ্ছে।
প্রভাবশালী মহলের বালি উত্তোলনের বিষয়ে দৌলতপুর ইউএনও শারমিন আক্তার বলেন, এর আগে অভিযান চালিয়ে ট্রলি জব্দ করা হয়েছে। আবারও অভিযান চালানো হবে।
এদিকে নদী তীরবর্তী ভুক্তভোগী এলাকাবাসী অবৈধভাবে বালি উত্তোলন বন্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনের কাছে জোর দাবি জানিয়েছেন।

এসএসসিতে জিপিএ ৫ প্রাপ্ত শান্তার লেখাপড়ার খরচের দায়িত্ব নিয়েছে মেসডা

মেহেরপুর গাংনী উপজেলার আকুবপুর গ্রামের এসএসসিতে জিপিএ ৫ পেয়ে গৌরবের সাথে উত্তীর্ণ হওয়া শারীরিক বাধা প্রাপ্ত শান্তা খাতুনের লেখাপড়ার খরচের দায়িত্ব নিল মেহেরপুর স্টুডেন্ট ডেভলপমেন্ট অ্যাসোসিয়েশন (মেসডা)
গতকাল রবিবার সকালে গাংনী মটমুড়া ইউনিয়ন পরিষদে চেয়ারম্যানের উপস্থিতিতে মেসডার সদস্যরা শান্তা খাতুনের লেখাপড়ার খরচ এর সম্মতি প্রকাশ করে এবং ফুল ও ক্যালেন্ডার দিয়ে শুভেচ্ছা বিনিময় করে। শান্তা খাতুনের পিতা সোনা মিয়া ১৫বছর আগে মারা যাবার পর ভাইয়ের বাসা থেকে লেখাপড়া করে। এবার ২০২০ সাালে এসএসসিতে জিপিও ৫ পেয়ে উত্তীর্ণ হয়েছে। আগামী দুই বছরের পড়াশোনার খরচ মেহেরপুরপুর স্টুডেন্টট ডেভলপমেন্ট অ্যাসোসিয়েশন মেসডা খরচ বহন করবে।
এসময় উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ, এম এস মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মফিজুর রহমান,মিরপুর গার্লস আইডিয়াল কলেজের প্রভাষক মিজানুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক সভাপতি ছারছেদ আহমেদ ঝন্টু, রাবেয়া বিশ্ববিদ্যালয়ের মেসডার সাবেক সভাপতি আব্দুর রহমান, ঢাকা কলেজের মেজদার সাবেক সভাপতি সাহাবুল ইসলাম শুভ, ঢাকা মেডিকেল কলেজের নাহিদ, জবির সাবেক সভাপতি রাকিবুল ইসলাম, তিতুমীর কলেজের মিস্টার সাধারণ সম্পাদক নুরুজ্জামান শুভ, ঢাবি’র সাধারণ সম্পাদক শফিউল ইসলাম সুজন মেসডার সদস্যরা।